

ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।
- (৪) মালামাল ক্রয় ও স্থাপন কাজের প্রাক্কলন।
- (৫) আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Supply of various size coupling, gate valve, flange etc and related services for outfall pumping station under PSTP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৫ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত পয়ঃ উত্তোলন কেন্দ্রগুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে সরবরাহ/প্রেরণ করে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থাৎ লিফটিং পাম্প, সেডিমেন্টেশন ট্যাংক ও ফ্যাকাল্টেটিভ লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে পাম্পিং করে সর্বশেষ ধাপে ডিসচার্জ চেম্বারে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি কালেকটিং চেম্বার হয়ে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন আউটফল পাম্পিং স্টেশনে ৯০ কিলোওয়াট ৩১.৮ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির ২ সেট, ৪৫ কিলোওয়াট ৩৯৫ লিটার/সেকেন্ড ক্যাপাসিটির ৩ সেট, ১১ কিলোওয়াট ৫৯.৮ লিটার/সেকেন্ড ক্যাপাসিটির ২ সেট ২.২ কিলোওয়াট ০.৯ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির ২ সেট ভ্যাকুয়াম পাম্প মোটর, ১.৫ কিলোওয়াট ০.২ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির ১ সেট ফ্লোর-ডিওয়াটারিং সহ মোট ১০ সেট পাম্প মোটর রয়েছে। উক্ত পাম্প মোটরসমূহ রোস্টার অনুযায়ী সার্বক্ষণিক চালু থাকে। কোন কারনে পাম্প মোটরে ত্রুটি দেখা দিলে উক্ত পয়েন্টের পয়ঃ পরিশোধন কার্যক্রম ব্যাহত হয়। সেই কারনে পাম্প মোটরসহ সাকশন ও ডেলিভারী লাইন এবং গেট ভান্স, নন-রিটার্ন ভান্সসহ আনুষংগিক মালামাল সচল থাকা আবশ্যিক। দীর্ঘদিন ধরে চলার ফলে উক্ত পাম্প মোটরের সাকশন ও ডেলিভারী লাইনের গেট ভান্স, নন-রিটার্ন ভান্স, পাইপ লাইন, রিডিউসার, কাপলিং প্রভৃতি মালামালে ত্রুটি দেখা দেওয়ায় সঠিক ভাবে পাম্প মোটর চালু করা যাচ্ছে না। সেই কারনে আউটফল পাম্পিং স্টেশনের পাম্প মোটরের সাকশন ও ডেলিভারী লাইনের গেট ভান্স, নন-রিটার্ন ভান্স, পাইপ লাইন, রিডিউসার, কাপলিং প্রভৃতি মালামাল ক্রয় ও স্থাপন করা প্রয়োজন।

১.১। সেই আলোকে "Supply of various size coupling, gate valve, flange etc and related services for outfall pumping station under PSTP" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ২৪,৯০,৯৮১.০০(চব্বিশ লক্ষ নব্বই হাজার নয়শত একাশি) টাকা মাত্র। উল্লেখ্য পুরাতন মালামালের মূল্য বাবদ স্যালভেজ ভেল্যু কর্তন করা হয়েছে। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেট বরাদ্দের "পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম)" (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-৬৯; প্যাকেজ নং-GWS10 হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ৭৮(১) ধারা অনুসরণে উন্মুক্ত দরপত্র পদ্ধতি(ওটিএম, ই-জিপি) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Supply of various size coupling, gate valve, flange etc and related services for outfall pumping station under PSTP." শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-


ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর ৭৮(১) ধারা অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতি(ওটিএম, ই-জিপি) তে দরপত্র আহবান এর অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ২৪,৯০,৯৮১.০০(চব্বিশ লক্ষ নব্বই হাজার নয়শত একাশি) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।




গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত বাজেটের "পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম)" (কোড ০১-০৪-০১১) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।




12/05/26
সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


22/05/26
মোঃ হাসিবুল হাছান
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


E.E.
সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


SE(W/PSTP)

12/05/2026

C.E.
(মিজা গোলাম কিয়ামত)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

১.৪। প্রস্তাব অনুমোদিত,


Xen, PST

12/05/26
মওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।